দৈনিক সংবাদ
১৫৫
তারিখ 03 SEP 1996
পৃষ্ঠা ১ কলাম ৪

# ক্যাম্পাস নিঝুমপুরী, হলে আছে শুধু ক্যাডাররা, সব পরীক্ষা ১২ই সেপ্টেম্বর পর্যন্ত স্থগিত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বর্ষের পরীক্ষা আগামী ১২ই সেপ্টেম্বর পর্যন্ত স্থগিত করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ে উদ্ভূত পরিস্থিতির কারণে এ পরীক্ষা প্রথমে ৫ই সেপ্টেম্বর পর্যন্ত স্থগিত করা হয়েছিল। তবে আগামী ১৫ই সেপ্টেম্বর থেকে অনুষ্ঠিতব্য মাস্টার্স পরীক্ষার তারিখ অপরিবর্তিত থাকবে।

বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিবেশের কারণে ৮০ ভাগ ছাত্রছাত্রী ক্যাম্পাস ছেড়ে চলে গেছে। যারা রয়েছে লাইব্রেরি বন্ধ থাকার কারণে তারাও পড়ালেখা করতে পারছে না বলে ছাত্রছাত্রীদের অভিযোগ রয়েছে।

ছাত্রদল আহূত অনির্দিষ্টকালের ধর্মঘটের কারণে বিভিন্ন বর্ষের পরীক্ষা ও ক্লাস অচল হয়ে পড়েছে। যেকোন সময় দু'দলের মধ্যে সংঘর্ষের আশংকায় নিরীহ ছাত্রছাত্রীরা ক্যাম্পাস ছেড়ে চলে গেছে। বিশেষ করে সূর্যসেন, পরীক্ষা ঃ পৃঃ ১১ কঃ ৫

**পরীক্ষা ঃ স্থগিত**

( ১ম পৃষ্ঠার পর )

মুহসীন, জিয়া, বঙ্গবন্ধু, এফ রহমান হলের ক্যাডাররা ছাড়া অন্য কোন ছাত্র নেই। জগন্নাথ, এস এম, জহুরুল হক, ফজলুল হক ও শহীদুল্লাহ হলের অর্ধেকের বেশি ছাত্র ক্যাম্পাস ছেড়ে চলে গেছে। সম্প্রতি শামসুন্নাহার হলে ছাত্রীদের মধ্যে সংঘর্ষের কারণে ছাত্রীরাও হল ছেড়ে চলে গেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস বর্তমানে নিঝুমপুরীতে পরিণত হয়েছে।

গত রোববার ছাত্রদল নেতা নাসিরউদ্দিন পিন্টুকে গ্রেফতারের পরে ছাত্রদলের ধর্মঘট-আন্দোলন কর্মসূচির সাথে নতুন মাত্রা যোগ হয়েছে। ফলে কবে নাগাদ বিশ্ববিদ্যালয় খুলবে এবং ক্যাম্পাস পরিস্থিতি শান্ত হবে তা নিয়ে সাধারণ ছাত্রছাত্রীরা উদ্বিগ্ন।

তবে গতকাল সোমবার দুপুরে গণতান্ত্রিক ছাত্রঐক্য মধুর ক্যান্টিনে ছাত্রদল নেতৃবৃন্দের সাথে এক বৈঠকে মিলিত হন। জানা গেছে, ক্যাম্পাসে শান্তি পুনঃপ্রতিষ্ঠা এবং ছাত্রলীগের সাথে সমঝোতায় আসার জন্য গণতান্ত্রিক ছাত্রঐক্য নেতৃবৃন্দ ছাত্রদলকে আহ্বান জানিয়েছে। জানা গেছে, ছাত্রদল তাদের আহ্বানে সাড়া দিয়েছে একটি শর্তসাপেক্ষে। শর্তটি হচ্ছে, বিভিন্ন হল থেকে ছাত্রলীগ কর্মীরা ছাত্রদলের যে সমস্ত নেতা-কর্মীকে বের করে দিয়েছে তাদেরকে পুনর্বাসিত করতে হবে। এ সময় সাংবাদিক সমিতি ও শিক্ষক সমিতির সদস্যসহ পুলিশ প্রশাসনের উপস্থিতি থাকতে হবে।

গণতান্ত্রিক ছাত্রঐক্য নেতৃবৃন্দ ছাত্রলীগের সাথেও বৈঠকের উদ্যোগ গ্রহণ করেছে। তবে ছাত্রলীগ সভাপতি এনামুল হক শামীম আগামী ৬ তারিখ পর্যন্ত ঢাকার বাইরে থাকায় আলোচনা সম্ভব হচ্ছে না।